

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

পত্র-৪৫.০০.০০০০.১৭২.০২.০০২.১৭-১০০

তারিখঃ ০৪.০৪.২০১৯খ্রিঃ

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ৪র্থ এইচপিএনএসপি'র আওতায় "ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস)" (কোড-২২৪০২১০০৫) শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে স্থানীয় প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ২০১৮-২০১৯ অর্থ বছরের আরপিএ (জিওবি) খাতে ১ম ও ২য় কিস্তির অবমুক্ত ৫০০০.০০ লক্ষ (পঞ্চাশ কোটি) টাকা হতে ১৭৪১.৩১ লক্ষ (সতের কোটি একচল্লিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা অগ্রিম উত্তোলন প্রসংগে।

সূত্র: অর্থ বিভাগের নথি নং-০৭.১০৪.০১৪.২৭১১.১১.২০১৭ এর উদ্ধৃতাংশ, তারিখ:-০৪.০৪.২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির (HPNSP) অধীন "ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস)" (কোড নং- ২২৪০২১০০৫) অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে এডিপিতে আরপিএ(জিওবি) খাতে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে ৩২৩১৩০১-প্রশিক্ষণ ব্যয় কোডে স্থানীয় প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ১৭৪১.৩১ লক্ষ (সতের কোটি একচল্লিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা অগ্রিম উত্তোলনে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

শর্তসমূহ:

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) উত্তোলিত অগ্রিম প্রশিক্ষণ/সেমিনার/কনফারেন্স/ওয়ার্কশপ ছাড়া অন্য কোন খাতে ব্যয় করা যাবে না।
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন/সরকারী কোষাগারে জমা করতে হবে; এবং
- (ঘ) অগ্রিম উত্তোলিত অর্থ যথাসময়ে সমন্বয় করতে হবে।
- (ঙ) অগ্রিমের টাকা প্রদানের পূর্বে অফিস আদেশ জারী করতে হবে।

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: ০১(এক) পাতা।

স্বাক্ষর:

(মোহাম্মদ নাসির উদ্দীন)

উপসচিব

ফোন: ৯৫৪৯৫৫৩

নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০২.১৭-১০০/১(৮)


তারিখঃ ০৪.০৪.২০১৯খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্ম প্রধান, স্বাস্থ্য উইং/আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। লাইন ডাইরেক্টর, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস (এনএনএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


মোহাম্মদ নাসির উদ্দীন
উপসচিব